

বর্ধিত মনোনয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং- ০৫.২০১.০২৫.০০০০.০০৮.২০১৩-৬১

তারিখঃ ২৩ মাঘ ১৪২১
০৫ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়ঃ ১০১তম (৩য় ব্যাচ) সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.২০১.০২৫.০০০০.০০৮.২০১৩-৪৩, তারিখঃ ২৭/০১/২০১৫।

আগামী ০৮ ফেব্রুয়ারি ২০১৫ হতে ০৫ এপ্রিল ২০১৫ তারিখ পর্যন্ত ৫৭(সাতান্ন) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১০১তম (৩য় ব্যাচ) সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে নিম্নবর্ণিত ০৫(পাঁচ) জন কর্মকর্তাকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলোঃ


বিসিএস (প্রশাসন)

ক্রম নং	পরিচিতি নং	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল
১.	১৬৩১৫	জনাব মোহাম্মদ কালাম হোসেন	সহকারী কমিশনার	আরডিসি, সিলেট
২.	১৬৪৩০	জনাব মোঃ মাহদী হাসান	বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী কমিশনার)	জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
৩.	১৬৬৬৫	জনাব গোলাম রব্বানী	সহকারী কমিশনার (ভূমি)	বোদা, পঞ্চগড়
৪.	১৬৭০৭	জনাব মোঃ মিজানুর রহমান	সহকারী কমিশনার (ভূমি)	চাটমোহর, পাবনা
৫.	১৬৭৯১	জনাব মাইনুল আবেদীন	সহকারী কমিশনার	বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

২। মনোনীত কর্মকর্তাগণকে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ অপরাহ্নে ঢাকা জেলার সাভার উপজেলাধীন প্রাণিসম্পদ অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মসজিদ সংলগ্ন মাঠে জয়েন্ট ক্যাম্পে যোগদান করতে হবে। উক্ত তারিখে প্রাণিসম্পদ অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মসজিদ সংলগ্ন মাঠে জয়েন্ট ক্যাম্পে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ কর্মস্থল হতে ০৮ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ পূর্বাহ্নে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (stand released) বলে গণ্য হবেন। প্রশিক্ষণ শেষে সকল কর্মকর্তা নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।

৩। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বেতন ও সরকারী নিয়মে প্রাপ্য ভাতাদি নিজ নিজ দপ্তর হতে গ্রহণ করবেন।

৪। কোর্সটি আবাসিক। সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ২১৮ ধারার বিধান মতে প্রশিক্ষণকালীন সময়ের জন্য প্রত্যেক কর্মকর্তা একজন করে আর্দালি/পিয়ন পাবেন। মনোনীত কর্মকর্তাগণের স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আর্দালি/পিয়নের ব্যয়ভার বহন করবে।


(শাহে এলিদ মাইনুল আমিন)
সহকারী সচিব
ফোন: ৯৫৫৬৮৫২
asit2@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতা অনুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক/চেয়ারম্যান,.....।
- ৫। কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ
- ৬। জেলা প্রশাসক,.....।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (সিপিটি)/যুগ্ম-সচিব (প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট কর্মকর্তা.....।
- ১২। অফিস কপি।